তারিখ ... 08 APR 2016 ......
পৃষ্ঠা ... ১৬ কলাম ..... ৭ ......

দৈনিক জনকণ্ঠ

# জাতীয়করণ হওয়া স্কুল-কলেজের শিক্ষক বদলি হতে পারবেন না

স্টাফ রিপোর্টার ॥ জাতীয়করণ হওয়া স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারী বদলি বন্ধের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ফলে এখন থেকে যে শিক্ষাপ্রতিষ্ঠানে-থাকা অবস্থায় সরকারী বা জাতীয়করণ হবে, সেখানের শিক্ষক-কর্মচারীদের ওই প্রতিষ্ঠানেই চাকরি করতে হবে। সরকারী হওয়ার পর রাজধানী বা অন্য কোন পছন্দের এলাকার প্রতিষ্ঠানে বদলি হতে পারবেন না সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষকরা। এদিকে প্রধানমন্ত্রীর এ ঘোষণাকে অভিনন্দন জানিয়েছেন বিসিএস শিক্ষা ক্যাডারের সদস্যরা। নির্দেশ, বাস্তবায়নে ত্বরিত পদক্ষেপ নেয়ার জন্য শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকেও অভিন্দন জানিয়েছেন তারা।

শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, জাতীয়করণ হয়েছে এমন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর বদলি বন্ধের বিষয়ে আদেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (কলেজ) ড. মোল্লা জালাল উদ্দিন আহমেদ জনকণ্ঠকে বলেছেন, হ্যাঁ, প্রধানমন্ত্রী একটি অনুশাসন দিয়েছেন। এটা তো আদেশই। সরকারী হলে এখন আর সেখানকার শিক্ষক-কর্মচারীরা অন্যত্র বদলি হতে পারবেন না। আসলে একটি প্রতিষ্ঠান সরকারী হলেই সেখানকার শিক্ষকরা শহরে বা পছন্দের এলাকায় বদলি হয়ে আসতে চান। এতে ওই প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়। মফস্বলের একটি প্রতিষ্ঠান সরকারী হলে শিক্ষকরা দ্রুত শহরে বা রাজধানীতে চলে আসেন। এতে ওই প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়। এখন আর সেই সুযোগ থাকবে না শিক্ষক-কর্মচারীদের। শিক্ষা মন্ত্রণালয়ের একাধিক উর্ধতন কর্মকর্তা নাম বলেছেন, জাতীয়করণ হওয়া স্কুল-কলেজের শিক্ষকদের (১৫ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## জাতীয়করণ হওয়া

(১৬-এর পৃষ্ঠার পর)

চাকরি সরকারী হওয়ার পরই তারা বদলির চেষ্টা করায় শূন্যতা তৈরি হয় নতুন জাতীয়কৃত প্রতিষ্ঠানগুলোতে। তাই প্রধানমন্ত্রীর এই নির্দেশ খুবই সময়োপযোগী। প্রধানমন্ত্রী কার্যালয়ের পরিচালক আবুল কালাম শামসুদ্দিন স্বাক্ষরিত চিঠিতে বলা হয়, যে সকল শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণ হচ্ছে সে সকল শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না। জাতীয়করণ আদেশে এরূপ শর্ত উল্লেখ করতে হবে মর্মে প্রধানমন্ত্রী সদয় অনুশাসন প্রদান করেছেন।

এদিকে আদেশের পরই শিক্ষামন্ত্রী দ্রুত পদক্ষেপ নিদে তার অধীন সকল দফতরে চিঠি পাঠিয়েছেন।

এদিকে প্রধানমন্ত্রীর এ ঘোষণাকে অভিনন্দন জানিয়েছেন বিসিএস শিক্ষা ক্যাডারের সদস্যরা।